

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
(জেলা পরিষদ অধিশাখা)

স্মারক নং-৪৬.০৪২.০৪০০.০০০.১৪.১১২.১৫-৪৪৬৪

তারিখঃ ১২/১২/২০১৫।

বিষয়ঃ ২০১৫-২০১৬ অর্থ বছরে রাজস্ব তহবিলের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত।

সূত্র : বরগুনা জেলা পরিষদের স্মারক নং-জেপবর/সংস্থাপন(প্রশিক্ষণ)/৬২-২০১৫/৩৭০, তারিখঃ ১২.১১.২০১৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ২০১৫-২০১৬ অর্থ বছরের অনুমোদিত রাজস্ব বাজেটের সমাজ কল্যাণ খাতের আওতায় ১০,০০,৫০০/- (দশ লক্ষ পাঁচশত) টাকায় গৃহীত প্রশিক্ষণ প্রকল্পটি নিম্নে বর্ণিত শর্তে বিধি মোতাবেক বাস্তবায়নে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলো :

প্রকল্পের নাম	প্রশিক্ষণের মেয়াদ	ব্যচ সংখ্যা	মোট প্রশিক্ষণার্থীর সংখ্যা	পরিমাণ (লক্ষ টাকায়)
নারী উন্নয়ন ও দারিদ্র বিমোচনকল্পে বরগুনা জেলার বেকার, অক্ষম, অসহায়, নারীদের জন্য সেলাই ও কাটিং প্রশিক্ষণ প্রকল্প	৩ মাস	২টি	৪০ জন (প্রতি ব্যচে ২০ জন)	১০,০০,৫০০/-

শর্তসমূহঃ

- ১) প্রশিক্ষণার্থী বাছাইয়ের জন্য বহুল প্রচলিত জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রদান;
- ২) প্রশিক্ষণ প্রকল্প বাস্তবায়নের জন্য প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বরগুনা, উপ পরিচালক, স্থানীয় সরকার, বরগুনা, উপজেলা নির্বাহী অফিসার, সদর, বরগুনা, সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, বরগুনা এর সম্মুখে কমিটি গঠন;
- ৩) বিজ্ঞপ্তির মাধ্যমে প্রাপ্ত আবেদনপত্রসমূহ কমিটির মাধ্যমে যাচাই বাছাই করে প্রশিক্ষণার্থী নির্বাচন করে তাদের নামের তালিকা (জাতীয় পরিচয় পত্রের নম্বর উল্লেখসহ) মন্ত্রণালয় কে অবহিত রেখে প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ;
- ৪) সেলাই প্রশিক্ষণ কোর্স যুবসমূহ উন্নয়ন অধিদপ্তর পরিচালিত প্রশিক্ষণ পাঠক্রম অনুরূপে পরিচালনা করতে হবে;
- ৫) প্রশিক্ষকের সম্মানী প্রতি ক্লাসের জন্য সর্বোচ্চ ৫০০/- (পাঁচশত) টাকা হারে প্রদান করতে হবে;
- ৬) প্রশিক্ষণার্থীগণযেহেতু বিনা মূল্যে প্রশিক্ষণের সুযোগ পাচ্ছেন সেহেতু তাদেরকে আর কোন সম্মানী/যাতায়াত বাবদ ভাতা দেয়া যাবেনা; প্রশিক্ষণার্থীদের নাস্তার জন্য সর্বোচ্চ প্রতিদিন ৫০/- (পঞ্চাশ) টাকা ব্যয় করা যাবে।
- ৭) যেহেতু আলোচ্য প্রশিক্ষণ কার্যক্রম জেলা পরিষদ আইন, ২০০০ এর 'ঐচ্ছিক কার্যাবলীর সামাজিক উন্নয়নের আওতাভুক্ত সেহেতু জেলা পরিষদের কার্যাবলীর আওতাভুক্ত কোন প্রকল্প বাস্তবায়নের জন্য (জেলা পরিষদ চত্বরে পরিচালিত প্রশিক্ষণ কার্যক্রম) জেলা পরিষদের কর্মকর্তা/কর্মচারীগণকে আলাদাভাবে কোন সম্মানী দেয়া যাবেনা।

প্রধান নির্বাহী কর্মকর্তা  
জেলা পরিষদ, বরগুনা।

(জুবাইদা নাসরীন)  
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮  
Email-igzp@lgd.gov.bd

অনুলিপিঃ (জ্ঞাতার্থে /কার্যার্থে) :

- ১। প্রশাসক, জেলা পরিষদ, বরগুনা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা(ওয়েব সাইটে প্রকাশের জন্য)।